

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৮.২৪১—গত ২৮ জুলাই ২০১৮ তারিখে সেন্ট কিটসের ওয়ার্নার পার্কে সিরিজ নির্ধারণী তৃতীয় একদিনের আন্তর্জাতিক ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সুস্পষ্ট আধিপত্য বজায় রেখে স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলকে পরাজিত করে ২-১ ম্যাচের ব্যবধানে সিরিজ জয় করেছে।

২। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতে আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ১৫ শ্রাবণ ১৪২৫/৩০ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(৯৫০৫)
মূল্য : টাকা ৮০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ১৫ শ্রাবণ ১৪২৫
৩০ জুলাই ২০১৮

গত ২৮ জুলাই ২০১৮ তারিখে সেন্ট কিটসের ওয়ার্নার পার্কে সিরিজ নির্ধারণী তৃতীয় একদিনের আন্তর্জাতিক ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সুস্পষ্ট আধিগত্য বজায় রেখে স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলকে পরাজিত করে ২-১ ম্যাচের ব্যবধানে সিরিজ জয় করেছে। এর আগে সিরিজের প্রথম ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল ৪৮ রানে জয়লাভ করেছিল। দীর্ঘ নয় বছর পর বিদেশের মাটিতে এ গৌরবোজ্জ্বল সিরিজ জয় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে বৃহত্তর সাফল্য অর্জনে অনুপ্রাণিত করবে। মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতে আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গোরবান্বিত করবে মর্মে দৃঢ় আশাবাদ ব্যক্ত করছে।